

চমৎকার একটা সফটওয়্যার দিয়ে তৈরী করুন ফ্লাশ এনিমেশন

টিউন করেছেন : Faisal প্রফেশনাল মানের ফ্লাশ এনিমেশন তৈরী করতে চান তাহলে স্বাভাবিকভাবেই আপনাকে এডোবি ফ্লাশ সফটওয়্যারের উপরে নির্ভর করতে হবে. আপনার যদি ফ্লাশে ভাল দক্ষতা না থাকে তাহলে আপনি অ্যাডভান্সড লেভেল এসব সফটওয়্যার ব্যবহার করতে পারবেন না. আবার যদি আপনি চান যে এসকল সফটওয়্যারের উপরে আপনি দক্ষ হবেন তাহলেও আপনাকে অনেক সময় এবং শ্রম দিতে হবে. এডবি ফ্লাশের বিকল্প হিসাবে আপনি অনেক ভাল মানের সফটওয়্যারও বাজারে পাবেন, কিন্তু সেগুলোর অধিকাংশই আপনি ফ্রী পাবেন না. আপনাকে অনেক দাম পরিশোধ করে সেগুলো কিনতে হবে. তবে এই পোস্টে আমি আপনাদের সাথে একটা সফটওয়্যার শেয়ার করবো. এই সফটওয়্যারটির নাম হচ্ছে Vectorian Giotto.



এই সফটওয়্যারটিকে দেখতে খুব সাধারণ মনে হলেও এটা খুবই শক্তিশালী. ওয়েবসাইট কিংবা অন্য কোন প্রজেক্টের জন্য আপনি ভাল মানের ফ্লাশ এনিমেশন কোন প্রকার কোডিং ব্যতীতও ভালভাবে করা যায়. এই সফটওয়্যারটির মূল ইন্টারফেস এডোবি ফ্লাশ সফটওয়্যারের মতই. কাজেই ফ্লাশ ব্যবহারে কম বা বেশি দক্ষ যে কেউ খুব সহজে এই সফটওয়্যার নিয়ে কাজ করতে পারবেন. নতুন ব্যবহারকারীরা প্রথমে কিছুটা সমস্যার সম্মুখীন হলেও কিছুদিন সময় দিলে তারাও বেশ দক্ষ হয়ে উঠবে. এই সফটওয়্যারে 50 টিরও বেশি কাস্টমাইজেবল ইফেক্ট দেওয়া আছে এবং প্রায় 100 টিরও বেশি ইফেক্টের প্রিসেট রয়েছে. সফটওয়্যারটির প্রধান ওয়েবসাইটে বেশ কিছু টিউটোরিয়ালও দেওয়া রয়েছে যা আপনাকে এনিমেশন তৈরী করতে খুবই সাহায্য করবে. টিউটোরিয়ালটির ঠিকানা হচ্ছে: <http://vectorian.com/help/tutorials>.



এই সফটওয়্যারটির ফীচারগুলো হচ্ছে:

- 1. এনিমেশন তৈরী করতে আপনাকে কোন কোডিং জানতে হবে না.
- 2. আপনি প্রফেশনাল মানের ভেক্টর ইলাস্ট্রেশন তৈরী করতে পারবেন. এখান আপনি সাধারণ শেপ থেকে কাস্টম শেপসহ আরো অনেক কিছু পাবেন.
- 3. ভেক্টর অবজেক্টকে আপনি যে কোন উপায়ে ট্রানফর্ম করতে পারবেন.
- 4. সকল অবজেক্টকে আপনি একটা লাইব্রেরীর ভিতরে সাজিয়ে নিতে পারবেন.
- 5. মোশন Tweening এবং আকার Tweening নামে ২টি পদ্ধতির সাহায্যে আপনি অবজেক্টের এনিমেশন তৈরী করতে পারবেন.
- 6. এই সফটওয়্যারটিতে প্রচুর পরিমাণে ইফেক্ট রয়েছে যা আপনাকে দারুন দারুন এনিমেশন তৈরী করতে সাহায্য করবে.
- 7. এই সফটওয়্যার ActionScript 2 সাপোর্ট করে (কিন্তু ActionScript 3 সাপোর্ট করে না).
- 8. এই সফটওয়্যার ক্লাশ ৪ এর ব্লেন্ড এবং সকল ফিল্টারকে সম্পূর্ণভাবে সাপোর্ট করে.
- 9. এই সফটওয়্যারের মাধ্যমে আপনি ব্যাকগ্রাউন্ডে সাউন্ড এবং মিউজিকও সেট করতে পারবেন.

ডাউনলোড করবার ঠিকানা হচ্ছে: <http://vectorian.com/downloads/>

